# ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
খাগড়াছড়ি
ফোন-০৩৭১-৬২১৪৯ ফ্যাক্স-০৩৭১৬২১০


স্মারক নং ক্ষুনৃগোসাই/প্রতিবেদন/২০১৬/ ২২৬৪ তারিখঃ ২৮/০৭/২০১৬ খ্রিঃ

প্রাপকঃ সচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা ১০০০।

মনোযোগ : সিনিয়র সহকারী সচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা ১০০০।

সুত্র স্মারক নং-৪৩.০০.০০০০.১১১.২৩.১০৬.১৬/১০২৩

বিষয়ঃ ২০০৯ হতে বর্তমান পর্যন্ত উল্লেখযোগ্য রিপোর্ট প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে মহোদয়ের সদয় অবগতির জন্য ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ির এর ২০০৯ বর্তমান পর্যন্ত উল্লেখযোগ্য অর্জন দুইটি অর্জন উল্লেখ পূর্বক রিপোর্ট এদতসাথ প্রেরণ করা হল। (সংযুক্ত-ক)

২৮/৭/১৬


উপ পরিচালক
ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
খাগড়াছড়ি।
Email knsikhagrachari@gmail.com

Email knsikhagrachari@gmail.com

# বিগত ২০০৯-১৬ অর্থ বছরের প্রতিবেদন

প্রতিবেদনাধীন বৎসর ২০০৯-১৬ প্রতিবেদন প্রস্তুতির তারিখ -২৮/০৭/২০১৬

প্রতিষ্ঠানের নাম ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি।

## (১) ভূমিকা:

খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটটি ২০০৩ সালে বাংলাদেশ শিল্পকলা একাডেমীর একটি প্রকল্পের মাধ্যমে "খাগড়াছড়ি উপজাতীয় সাংস্কৃতিক ইনস্টিটিউট" নামে প্রতিস্থা লাভ করে। পরবর্তী সময়ে "ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন-২০১০" মহান জাতীয় সংসদে পাস হলে এটি একটি সতন্ত্র প্রতিষ্ঠান হিসাবে "খাগড়াছড়ি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট নামে" পুণ: আত্মপ্রকাশ করে। বর্তমানে এটি সংবিধিবদ্ধ সংস্থা হিসাবে বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রনালয়ের নিয়ন্ত্রণাধীন। এখন সম্পূর্ন সরকারের অনুদানের উপর ভিত্তি করে প্রতিষ্ঠানটির কার্যক্রম পরিচালিত হচ্ছে। ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন-২০১৫ তে আটটি প্রতিষ্ঠান অর্ন্তভূক্ত রয়েছে যা সকলেই স্বতন্ত্র এবং নিজস্ব সত্বাবিশিষ্ট হিসাবে আইনে উল্লেখ রয়েছে। যদিও ২০০৩ সাল হতে এটির কার্যক্রম পরিচালিত হয়ে আসছে বাস্তবে ২০১০-১১ অর্থবছর থেকে পৃথক ভাবে অর্থ বরাদ্ধ পাওয়া যাচ্ছে। সেজন্য আমাদের বাস্তবিক কার্যক্রম এখনও চার বছর।

১। জনবল:

বর্তমানে ইনস্টিটিউটে জনপ্রশাসন মন্ত্রনালয় কতৃক অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুসারে মোট পদ সংখ্যা হচ্ছে ১২(বারটি) । তার মধ্যে বর্তমানে ৮(আট) জন কর্মরত রয়েছেন এবং চারটি পদ শুন্য রযেছে। ২০১৫-১৬ অর্থবছরে সংশোধিত বাজেটে চুক্তিভিত্তিক নিয়োগ করার জন্য বরাদ্ধ পাওয়ায় মোট সাতজনকে চুক্তিভিত্তিক নিয়োগ করা হয়েছে। নিম্নে ইনস্টিটিউটের পদ সমূহের বিস্তারিত দেখানো হল।

| সংস্থার নাম | জনপ্রশাসন মন্ত্রনালয় কতৃক অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্য পদ | চুক্তিভিত্তিক নিয়োগ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি | ১২ | ৮ | ৪ | ৭ |
| মোট | ১২ | ৮ | ৪ | ৭ |

১.২ শূন্য পদের বিন্যাস :

| ক্রমিক | প্রথম শ্রেণী পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|
| পুরনকৃত পদ | ২ | ৩ | ০ | ৩ | ৮ |
| শুন্য পদ | ০ | ২ | ২ | ০ | ৪ |

২। ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি এর ২০০৯-১৬ অর্থ বছরের উন্নয়ন কার্যক্রম।


গবেষণা ও প্রকাশনা:


বিগত ২০১১-১২ হতে ২০১৩-১৪ অর্থ বছরে খাগড়াছড়ি জেলার ইতিহাস, ঐতিহ্য, দর্শনীয় স্থান, আলোকিত ব্যক্তিত্ব ইত্যাদি বিষয়ে ১৮টি মূল্যবান বই প্রকাশ করা হয়েছে। নিম্নে বই সমূহের তালিকা প্রদান করা হল।

| ক্রমিক | বইয়ের নাম | লেখক | মূল্য |
|---|---|---|---|
| ১ | চাকমা শব্দ ভান্ডাল | আর্যমিত্র চাকমা | ২৪০ |
| ২ | ককবরক শব্দভান্ডার | মথুরা বিকাশ ত্রিপুরা | ১০০ |
| ৩ | সান্দবীর বারমাসী | আফসার আহমেদ | ২৫০ |
| ৪ | চাকমা সাহিত্য সমাজ ও সংস্কৃতি | জাফর আহম্মেদ হানাফি | ৩৫০ |
| ৫ | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সামাজিক প্রথা ও রীতিনীতি চাকমা মারমা ও ত্রিপুরা | সুগত চাকমা(ননাধন) | ১২০ |
| ৬ | মারমা শব্দকোষ | অংগ্যশে মারমা | ৭০ |
| ৭ | ত্রিপুরা আয়ুরবেদিক শাস্ত্র | প্রভাংশু ত্রিপুরা | ৬০ |
| ৮ | The CHT & The Dwellers Therein | T H Lewin | ২৫০ |
| ৯ | ত্রিপুরা তন্ত্র মন্ত্র সার | প্রভাংশু ত্রিপুরা | ১৩০ |
| ১০ | Changing Pattern of the Chakma Society in CHT | সুধীন কুমার চাকমা | ২৪০ |
| ১১ | History of CHT | ড: সুনীতি ভুষন কানুংগো | ১৮০ |
| ১২ | কবরক | সম্পাদক- সুসময় চাকমা | ১০০ |
| ১৩ | গুরুনি ইয়াপ্রি | মথুরা বিকাশ ত্রিপুরা | ১৫০ |
| ১৪ | আমানি ককবরক | বরেন্দ্রলাল ত্রিপুরা | ১০০ |
| ১৫ | পার্বত্য চট্টগ্রামের ক্ষুদ্র নৃগোষ্ঠীর ভাষা | সুগত চাকমা | |
| ১৬ | শরত চন্দ্র রোয়াজার নির্বাচিত কবিতা | সুরজিত নারায়ন ত্রিপুরা সম্পাদিত | ১৫০ |
| ১৭ | পার্বত্য চট্টগ্রামের সংস্কৃতি | অমিয় কান্তি চাকমা | ৩৫০ |
| ১৮ | | | |

প্রশিক্ষণ:

বিগত অর্থবছরে ইনস্টিটিউটে দুটি প্রশিক্ষণ পরিচালিত হয়েছে। (ক) নিয়মিত প্রশিক্ষণ (খ) বিশেষ প্রশিক্ষণ ইনস্টিটিউটে চাকমা, মারমা, ত্রিপুরা গান, তবলা বাদ্রযন্ত্র এর উপর নিয়মিত প্রশিক্ষণ প্রদান করা হয়। নিয়মিত প্রশিক্ষণ এর আওতায় এ পর্যন্ত ৩০০ পর্যন্ত ছাত্র ছাত্রী প্রশিক্ষণ নিয়েছে। তাছাড়াও বিশেষ প্রশিক্ষণ কর্মসূচীর মাধ্যমে মাতৃভাষা প্রশিক্ষণ এর আওতায় চাকমা ভাষা, ককবরক(ত্রিপুরা)ভাষা, মারমা ভাষার উপর ১৫ দিনের প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রতিটি কোর্সে ৩০জন ছাত্র/ছাত্রী ভর্তি করা হয়। ২০১৫-১৬ অর্থ বছরে বিশেষ প্রশিক্ষণ কর্মসূচীর মাধ্যমে " কম্পিউটার প্রশিক্ষণ, গীটার প্রশিক্ষণ এবং উচ্চতর নৃত্য এবং সংগীত , বাদ্যযন্ত্র" উপর প্রশিক্ষণ পরিচালনা করা হয়েছে। ২০১৫-১৬ অর্থবছরে বিশেষ প্রশিক্ষণের আওতায় নাট্য প্রশিক্ষণ ও মাতৃভাষা(ককবরক) প্রশিক্ষণ, তবলা প্রশিক্ষণ, উচ্চতর সংগীত প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে।






সেমিনার:

২০১৪-১৫ অর্থ বছরে ইনস্টিটিউট কর্তৃক ৪(চার)টি বিষয়ের সেমিনার আয়োজন করা হয়েছে। বিষয় সমূহ হচ্ছে (ক) পার্বত্য চট্টগ্রামের ক্ষুদ্র নৃগোষ্ঠীদের ভাষা ও সাহিত্য (খ) লুরিদের জীবনাচার ও সংস্কৃতি (গ) মুক্তিযুদ্ধে খাগড়াছড়ি জেলার ক্ষুদ্র নৃগোষ্ঠীসমূহের ভূমিকা






ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক যাদুঘর:


বর্তমানে ইনস্টিটিউটে ছোট একটি সংগ্রহশালা রয়েছে। এই সংগ্রহশালায় জেলার বসাবাসকরী ক্ষুদ্র নৃগোষ্ঠী সমূহের দূর্লভ সামগ্রী সংগ্রহ করা হয়। এ পর্যন্ত ৫০টির অধিক দূর্লভ সামগ্রী সংগ্রহ করা হয়। যার মধ্যে উল্লেখযোগ্য হল- বার্গী নোলার বাঁশি, বৌদ্ধ রঞ্জিকা, তুলার পুতি ইত্যাদি। বর্তমানের যাদুঘরের জন্য একজন কিউরেটর চুক্তিভিত্তিক নিয়োগ করা হয়েছে।






লাইব্রেরী:

ক্ষুদ্র নৃগোস্ঠী সমূহের বিষয়ে বিভিন্ন গবেষণা, গল্প, উপন্যাস, প্রতিবেদন, ইত্যাদি নানান বিষয়ের উপর একটি লাইব্রেরী স্থাপনের কাজ চলছে। বিগত অর্থবছরে কর্মসূচীর মাধ্যমে সাধারণ পাঠকদের জন্য দেশের এবং বিদেশে বরণ্যে লেখকদের প্রায় ১৫০০ বই সংগ্রহ করা হয়েছে। বই পড়ার জন্য প্রয়োজনীয় অবকাঠামো ক্রয় করা হয়েছে। বর্তমান অর্থবছরেও প্রায় ২০০০ বই সংগ্রহ করা হবে।




উসব পালন:


২০১৫-১৬ অর্থবছরে কর্মসূচীর ও রাজস্ব বাজেটর আওতায় ৭ দিন ব্যাপী বৈসাবি উৎসব পালন করা হয়েছে। উৎসবে খাগড়াছড়ি জেলার ত্রিপুরা সম্প্রদায়ের গড়িয়া নৃত্য, মারমাদের ড এবং পানি খেলা, চাকমাদের উবোগীত এর আয়োজন করা হয়েছে। এছাড়া প্রতিদিনি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।








গবেষণা:


বর্তমানে কর্মসূচীর আওতায় চারটি বিষয়ে গবেষণা পরিচালিত হচ্ছে। এগুলো হচ্ছে (ক) চাকমা সমাজের আর্থ সামাজিক অবস্থার বিশ্লেষণ, (খ) মারমা সমাজের আর্থ সামাজিক অবস্থার বিশ্লেষণ, (গ) ত্রিপুরা সমাজের আর্থ সামাজিক অবস্থার বিশ্লেষণ (ঘ) মুক্তিযুদ্ধে খাগড়াছড়ি জেলার ক্ষুদ্র নৃগোষ্ঠী সমূহের ভুমিকা (ঙ) মারমা সমাজের





জাতীয় দিবস পালন: মহান একুশে ফেব্রুযারী ও আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ক্ষুদ্র নৃগোষ্ঠী সমূহের মাতৃভাষায় রচনা ও আবৃত্তি প্রতিযোগীতার আয়োজন করা হয়েছে। তাছাড়া মহান বিজয় দিবস উপলক্ষে জেলা প্রশাসকের সমন্বয়ে অনুষ্ঠিত অনুষ্ঠানমালায় অংশগ্রহন করা হয়েছে।








**অবকাঠামো উন্নয়ন:**

বর্তমান অর্থবছরে অত্র ইনস্টিটিউট এর অবকাঠামো উন্নয়নের জন্য একটি প্রকল্প অনুমাদিত হয়েছে। এটি বাস্তবায়ন হলে জাদুঘর, লাইব্রেরী, ভিআইপি গেষ্ট হাউজ, শোরুম, হোষ্টল কাম ট্রেনিং ডরমেটরিসহ সকল সুবিধা পাওয়া যাবে।